# সফটওয়্যারের কারুকাজ

## নষ্ট হয়ে যাওয়া ইউজার প্রোফাইল পুনরুদ্ধার

একই পিসি যখন অনেকে ব্যবহার করেন, তখন প্রত্যেকে সাধারণত ভিন্ন ভিন্ন ইউজার অ্যাকাউন্ট তৈরি করে নেন। ইউজার অ্যাকাউন্টের সাথে একটি প্রোফাইল তৈরি হয়, যা উইন্ডোজ সংক্রান্ত আপনার সেটিংগুলো সংরক্ষণ করে। প্রত্যেক ইউজার নিজের পছন্দমতো প্রোফাইল সাজিয়ে ব্যবহার করে থাকেন। কিন্তু ভুলবশত বা অন্য কারণে যদি কারো প্রোফাইল করাপ্টেড দেখায়, তবে আবার নতুন অ্যাকাউন্ট তৈরি করে সবকিছু সাজিয়ে নেয়াটা খুবই বিরক্তিকর এবং সময়সাপেক্ষ। যদি এমন হয়, তাহলে পুরনো অ্যাকাউন্টের সেটিং এবং লুক ফিরে পেতে হলে প্রথমে অ্যাডমিনিস্ট্রেটর অ্যাকাউন্ট থেকে আরেকটি নতুন ইউজার অ্যাকাউন্ট খুলতে হবে। ধরুন, নতুন অ্যাকাউন্টের নাম দিলেন 'X'।

পুরো কাজটি সম্পন্ন করার জন্য নতুন অ্যাকাউন্ট 'X'সহ ন্যূনতম তিনটি ইউজার অ্যাকাউন্ট থাকতে হবে। এবার নষ্ট হওয়া অ্যাকাউন্ট এবং 'X' ছাড়া অন্য অ্যাকাউন্ট লগঅন করুন। যেকোনো ড্রাইভ/ফোল্ডারে প্রবেশ করে টুল মেনু থেকে ফোল্ডার অপশনে ক্লিক করুন বা Alt+T+O চাপুন ।

ফোল্ডার অপশনের ভিউ ট্যাব থেকে Show hidden files, folders and drives-এ ক্লিক করুন। এর নিচে Hide protected operating system files লেখার পাশের চেকবক্সটি খালি করুন। 'Yes' এবং 'Ok'-তে ক্লিক করুন। এরপর 'C' ড্রাইভের (যে ড্রাইভে উইন্ডোজ ইনস্টল করা হয়েছে) ইউজার নামের ফোল্ডারে প্রবেশ করুন। এখানে নষ্ট হওয়া অ্যাকাউন্টসহ অন্যান্য অ্যাকাউন্টের নাম দেখতে পাবেন।

করাপ্টেড অ্যাকাউন্টির নাম লেখা ফোল্ডারে প্রবেশ করে (Ntuser.dat), (Ntuser.ini), এরপর ইউজারের 'X' নামের ফোল্ডারে পেস্ট করুন।

এখন বর্তমান অ্যাকাউন্ট থেকে লগ অফ করে 'X' অর্থাৎ নতুন প্রোফাইলে লগ অন করুন। দেখবেন আপনার মনমতো সাজানো পুরনো অ্যাকাউন্টের সেটিংগুলো আর লুক আবার ফিরে এসেছে। যদি ই-মেইলের জন্য আলাদা প্রোগ্রাম ব্যবহার করে থাকেন, তবে ই-মেইল মেসেজ এবং ঠিকানাগুলো নতুন প্রোফাইলে নিয়ে আসুন। সবকিছু ঠিক থাকলে করাপ্ট করা প্রোফাইলটি ডিলিট করতে পারেন।

**মো: আরিফুল হাসান**
*পাথরঘাটা, চট্টগ্রাম*

## ট্রাবলশুট করা

উইন্ডোজ ৭-এ বেশ কিছু ফিচার যুক্ত করা হয়েছে, যেগুলো অদ্ভুত আচরণ করে। কিন্তু কেনো উইন্ডোজ এমন আচরণ করছে, তা আমরা জানি না। আপনি যদি উইন্ডোজের এমন সমস্যার কারণ ও সমাধান জানতে চান, তাহলে Control Panel-Find and fix Problems (or Troubleshooting)-এ ক্লিক করুন নতুন ট্রাবলশুটিং প্যাকে অ্যাক্সেস করার জন্য। এগুলো সহজ উইজার্ড, যা সাধারণ সমস্যা সমাধান করবে। এজন্য আপনার সেটিং চেক করা সিস্টেমকে পরিহারের করাসহ আরো অনেক কাজ করা যাবে।

## প্রজেক্টরে সুইচ করা

আজকাল প্রজেক্টরের ব্যবহার অনেক বেড়ে গেছে। উইন্ডোজ ৭-এ সম্পৃক্ত রয়েছে এক মনিটর থেকে আরেক মনিটর বা প্রজেক্টর সুইচ করার ফিচার। এ কাজটি করার জন্য Win+P বা Displayswitch.exe চাপতে হবে। এরপর আপনাকে বেছে নিতে হবে আপনার কাঙ্ক্ষিত ডিসপ্লে। লক্ষণীয়, যদি শুধু একটি ডিসপ্লে যুক্ত থাকে তাহলেও এতে কোনো ইফেক্ট পড়বে না।

## টাইপ জোন সেট করা

উইন্ডোজ ৭-এ যুক্ত করা হয়েছে নতুন কমান্ড লাইন tzutil-exe ইউটিলিটি, যা সিস্টেম অ্যাডমিনিস্ট্রেরদের কাছ থেকে ব্যাপকভাবে প্রশংসিত হয়। এর ফলে স্ক্রিপ্ট থেকে পিসির টাইমজোন সেট করার সুযোগ পাবেন। উদাহরণস্বরূপ আপনি গ্রিনউইচ মিন টাইম একটি পিসিতে সেট করতে চাচ্ছেন। এজন্য আপনাকে tzutil /g gmt standard time কমান্ড ব্যবহার করতে হবে। tzutil /g কমান্ড ডিসপ্লে করে বর্তমান টাইম জোন এবং 'tzutil /?' কমান্ড ডিসপ্লে করে কিভাবে কমান্ড কাজ করছে তার বিস্তারিত তথ্য।

## ডেস্কটপ স্লাইড শো

উইন্ডোজ ৭-এ সম্পৃক্ত করা হয়েছে বেশ কিছু আকর্ষণীয় নতুন ওয়ালপেপার, যার ফলে ব্যবহারকারীর পক্ষে কঠিন হয়ে পড়ে সেরা ওয়ালপেপার নির্বাচন করা। এমন অবস্থায় কয়েকটি ওয়ালপেপার নির্বাচন করুন যাতে উইন্ডোজ সেগুলো ডেস্কটপে স্লাইড শো আকারে ডিসপ্লে করে। এজন্য ডেস্কটপের খালি জায়গায় ডান ক্লিক করে Personalize→Desktop Background সিলেক্ট করুন। এরপর Ctrl কী চেপে ধরুন আপনার কাঙ্ক্ষিত ইমেজে। এবার নির্দিষ্ট করে দিন কতক্ষণ পরপর ইমেজ পরিবর্তন হবে। অবিরতভাবে ব্যাকগ্রাউন্ড হিসেবে ইমেজ যাতে আবির্ভূত হয় সেজন্য সিলেক্ট করুন shuffle এবং ডিসপ্লেকে উপভোগ করার জন্য Save Changes-এ ক্লিক করুন।

**নাজিম উদ্দীন**
*রুহিতপুর, কেরানীগঞ্জ*

## ডেস্কটপকে স্বয়ংক্রিয়ভাবে বিন্যাস করা

উইন্ডোজ ৭-এ আইকনগুলো ডেস্কটপে ছড়িয়ে ছিটিয়ে থাকে, তাহলে ডেস্কটপে ডান ক্লিক করে View→Auto arrange সিলেক্ট করুন ঠিক উইন্ডোজ ভিস্তার মতো। তবে সাধারণ সমাধান হলো F5 ফাংশন কী চেপে ধরুন। এর ফলে উইন্ডোজ স্বয়ংক্রিয়ভাবে আইকন বিন্যাস করবে।

## আপনার টাস্ককে ব্রাউজ করুন

আপনি যদি মাউসের চেয়ে কীবোর্ডকে বেশি পছন্দ করেন, তাহলে শর্টকাট ব্যবহার করে ব্রাউজ করতে পারবেন টাস্কবার। এজন্য উইন্ডোজ কী এবং T চাপুন। এর ফলে টাস্কবারে সবচেয়ে বাম দিকের আইকনে সরে আসতে পারবেন। এরপর অ্যারো কী ব্যবহার করে অন্য আইকনে ফোকাস করতে পারবেন। এর ফলে প্রতি উইন্ডোজ লাইভ প্রিভিউ দেখতে পারবেন।

## ওয়ার্ডে ফরমেটিং চিহ্ন দেখানো

সবচেয়ে বেশি ব্যবহার হওয়া অ্যাপ্লিকেশনগুলোর মধ্যে মাইক্রোসফট ওয়ার্ড সম্ভবত শীর্ষে রয়েছে। কিন্তু মাইক্রোসফট ওয়ার্ডের ফরমেটিং চিহ্ন বা বিশেষ ক্যারেক্টার বেশ সহায়ক যা ডকুমেন্ট প্রিন্ট করলে দেখা যায় না। যেমন স্পেস এবং ট্যাব চিহ্ন, যেগুলো ফরমেটিং সমস্যা চিহ্নিত করে। টেক্সট হিডেন থাকতে পারে, এটি বেশ সহায়ক ভূমিকা রাখতে পারে যদি ডকুমেন্ট সেকশন ব্যাখ্যা করতে চান প্রিন্ট আউটে আবির্ভূত না করে। Ribbon Home ট্যাবে Paragraph সেকশনে আইকন দেখা যায়।

যদি সবসময় একটি বা দু'টি চিহ্ন দেখতে চান, তাহলে ফাইল মেনুতে ক্লিক করে অপশনে ক্লিক করুন। এবার ডিসপ্লেতে ক্লিক করে ভিন্ন ফরমেটিং চিহ্ন সিলেক্ট করার জন্য কাঙ্ক্ষিত বক্সে ক্লিক করুন। এরপর Ok-তে ক্লিক করে সেভ করুন।

এই অপশন পেতে ওয়ার্ড ২০০৭-এ অফিস বাটনে ক্লিক করে ওয়ার্ড অপশনে ক্লিক করুন। এবার বাম দিকের কলামে ডিসপ্লেতে ক্লিক করুন।

**এম. জামান**
*বাঁশেরপুল, ডেমরা*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে–* **মো: আরিফুল হাসান, নাজিম উদ্দীন ও এম. জামান।**